

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

নম্বর: ০৪.০০.০০০০.৪২৩.২২.০০১.১৪.৬২

তারিখ: ০৫ বৈশাখ ১৪২৫
১৫ এপ্রিল ২০১৮

বিষয়: মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপ-মন্ত্রীগণের রাষ্ট্রীয়/সরকারি কাজে বিদেশে গমন ও দেশে প্রত্যাগমনের সময় বিমানবন্দরে এবং দেশের অভ্যন্তরে সফরকালে অনুসরণীয় রাষ্ট্রাচার (Protocol) সংক্রান্ত নির্দেশাবলি।

মন্ত্রিপরিষদ বিভাগ হতে বিগত ২০ নভেম্বর ২০১৪ তারিখে ০৪.০০.০০০০.৪২৩.২২.০০১.১৪.১৩৯ নম্বর স্মারকে জারিকৃত মন্ত্রী, প্রতিমন্ত্রী এবং উপ-মন্ত্রীগণের রাষ্ট্রীয়/সরকারি কাজে বিদেশে ও দেশের অভ্যন্তরে সফরকালীন অনুসরণীয় রাষ্ট্রাচার সংক্রান্ত নির্দেশাবলি সংশোধনপূর্বক সরকার নিম্নরূপ নতুন নির্দেশাবলি জারি করছে:

মন্ত্রী/মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রীগণের রাষ্ট্রাচার

বিদেশ সফর:

মন্ত্রী/মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রীর বিদেশ সফরকালে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের অতিরিক্ত সচিব/যুগ্মসচিব বিমানবন্দরে উপস্থিত থাকবেন।

দেশের অভ্যন্তরে সফর:

- (১) দেশের অভ্যন্তরে সফরকালে মন্ত্রী/মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী তাঁর ঢাকা ত্যাগ ও প্রত্যাবর্তনস্থলে মন্ত্রণালয়/বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা উপস্থিত থাকবেন।
- (২) জেলাসদরে যথাসম্ভব জেলাপ্রশাসক ও পুলিশ সুপার এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের স্থানীয় পর্যায়ের জ্যেষ্ঠতম কর্মকর্তা মন্ত্রীকে আগমন ও বিদায়ের স্থানে অভ্যর্থনা ও বিদায় সংবর্ধনা জানাবেন।
- (৩) জেলাসদরে উপস্থিত থাকার জন্য জেলাপ্রশাসক অথবা পুলিশ সুপারের নিজের সরকারি সফর বাতিল বা পরিবর্তন করার প্রয়োজন হবে না। এরূপ ক্ষেত্রে জ্যেষ্ঠ অতিরিক্ত জেলাপ্রশাসক/অতিরিক্ত পুলিশ সুপার মন্ত্রীকে অভ্যর্থনা ও বিদায় সংবর্ধনা জানাবেন। তবে, জেলাপ্রশাসক পূর্বেই নিজের সফরসূচি জারি করে থাকলে মন্ত্রীর সফরসূচি পাওয়ার পরই মন্ত্রীর সঙ্গে যোগাযোগ করে নিশ্চিত হবেন যে, জেলাপ্রশাসকের সদরে থাকা আবশ্যিক কিনা। মন্ত্রী এরূপ ইচ্ছা প্রকাশ করলে সেক্ষেত্রে জেলাপ্রশাসক তাঁর সফরসূচি বাতিল করবেন।
- (৪) উপজেলা সদর অথবা উপজেলার অন্য কোন স্থানে মন্ত্রীর সফরকালে উপজেলা নির্বাহী অফিসার, সহকারী পুলিশ সুপার এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের স্থানীয় পর্যায়ের জ্যেষ্ঠতম কর্মকর্তা মন্ত্রীকে অভ্যর্থনা ও বিদায় সংবর্ধনা জানাবেন। আবশ্যিক না হলে জেলাপ্রশাসক কিংবা পুলিশ সুপারের এক্ষেত্রে উপস্থিত থাকার প্রয়োজন নেই।
- (৫) মন্ত্রীর আগমন ও প্রস্থানের সময় আবশ্যিক না হলে বিমানবন্দর বা রেলওয়ে স্টেশনে জেলাপ্রশাসক, ঢাকা/চট্টগ্রাম/কক্সবাজার-এর উপস্থিত থাকার প্রয়োজন নেই। পুলিশ সুপার, কক্সবাজার/মেট্রোপলিটন পুলিশের কমিশনারের ক্ষেত্রেও এটি প্রযোজ্য।
- (৬) মন্ত্রীগণের আগমন ও প্রস্থানের সময় বিভাগীয় কমিশনার অথবা সংশ্লিষ্ট রেঞ্জের ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ (ডিআইজি)-এর উপস্থিত থাকার প্রয়োজন নেই। বিভাগীয় কমিশনার সদর দপ্তরে উপস্থিত থাকলে মন্ত্রীর আগমনের পর তিনি তাঁর সঙ্গে সৌজন্যমূলক সাক্ষাৎ করতে পারেন।

চলমান

